



তথ্যবিবরণী

নম্বর-২৩৭

রাজশাহীতে পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপনের সূচি

রাজশাহী; ১৩ চৈত্র (২৭ মার্চ):

রাজশাহীতে যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও আনন্দমুখর পরিবেশে ধর্মপ্রাণ মুসলমানদের ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ (হিজরি ১৪৪৬) উদ্‌যাপনের লক্ষ্যে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ঈদের দিন সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং সরকারি ভবন ও সড়কসমূহ সজ্জিত করা হবে।

সকাল আটটায় মহানগরীর হযরত শাহ্ মখদুম রূপোশ (র:) কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হবে। তবে প্রতিকূল আবহাওয়ার কারণে কেন্দ্রীয় ঈদগাহে ঈদের প্রধান জামাত অনুষ্ঠান সম্ভব না হলে হযরত শাহ্ মখদুম রূপোশ (র:) দরগাহ জামে মসজিদে অনুষ্ঠিত হবে। এছাড়া মহানগরীর অন্যান্য ঈদগাহে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্ধারিত সময়ে ঈদের জামাত অনুষ্ঠিত হবে।

কেন্দ্রীয় ঈদগাহে পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজ শুরুর আগে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ মুসল্লিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করবেন।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ওইদিন সুবিধামতো সময়ে হাসপাতাল, কারাগার, এতিমখানা, শিশুকেন্দ্র, শিশুপরিবার, শিশুপল্লী, শিশুসদন, ছোটমণি নিবাস, শিশুবিকাশ কেন্দ্র, সেফ হোম এবং অনুরূপ প্রতিষ্ঠানসমূহে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উন্নতমানের খাবার পরিবেশন করবে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১০.২০ঘ.